

# 📃 আস-সাফফাত | As-Saffat | أُلصًا فًات

আয়াতঃ ৩৭: ১৬৩

## 💵 আরবি মূল আয়াত:

# إِلَّا مَن هُوَ صَالِ الجَحِيمِ ﴿١٤٣﴾

#### 🗚 অনুবাদসমূহ:

জুলন্ত আগুনে প্রবেশকারী ছাড়া। — আল-বায়ান

পারবে কেবল তাকে, যে জ্বলন্ত আগুনে প্রবেশকারী। — তাইসিরুল

শুধু প্রজ্জ্বলিত আগুনে প্রবেশকারীকে ব্যতীত। — মুজিবুর রহমান

Except he who is to [enter and] burn in the Hellfire. — Sahih International

#### ১৬৩. শুধু প্রজ্জলিত আগুনে যে দগ্ধ হবে সে ছাড়া।(১)

(১) ইবনে আব্বাস বলেন, তোমরা কাউকে পথভ্রম্ভ করতে পারবে না, আর আমিও তোমাদের কাউকে পথভ্রম্ভ করব না। তবে যার জন্য আমার ফয়সালা হয়ে গেছে সে জাহান্নামে দগ্ধ হবে, তার কথা ভিন্ন। [তাবারী] কাতাদাহ বলেন, তোমরা তোমাদের বাতিল দিয়ে আমার বান্দাদের কাউকে পথভ্রম্ভ করতে পারবে না, তবে যে জাহান্নামের আমল করে তোমাদেরকে বন্ধু বানিয়েছে সে ছাড়া। [তাবারী]

তাফসীরে জাকারিয়া

### (১৬৩) কেবল তাকে বিভ্রান্ত করতে পারবে, যে জাহান্নামে প্রবেশ করবে। [1]

[1] অর্থাৎ, তোমরা ও তোমাদের বাতিল উপাস্য, তাদেরকে ছাড়া কাউকে পথভ্রষ্ট করার ক্ষমতা রাখো না, যারা আল্লাহর জ্ঞানে পূর্ব থেকেই জাহান্নামী এবং সে জন্যই তারা কুফর ও শিরকের উপর অটল আছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3951

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন